# আকাশবাণী শিলচর

## REGIONAL NEWS UNIT – SILCHAR

## MORNING NEWS BULLETIN

## BENGALI

**22 APRIL 2026** **7:45—7:55 PM**

---

(১) দেশে তেল ও গ্যাসের অবাধ সরবরাহ সুনিশ্চিত করা হয়েছে বলে কেন্দ্রীয় সরকারের প্রকাশ ।

(২) পেহেলগাম সন্ত্রাসবাদী আক্রমণের এক বছর অতিক্রান্ত হওয়ায় নিহতদের প্রতি শ্রদ্ধাঞ্জলী জ্ঞাপন ।

(৩) আগামী চৌঠা মে অনুষ্ঠেয় ভোটগণনার জন্য নির্বাচন কমিশনের প্রস্তুতি প্রায় সম্পূর্ণ ।

এবং

(৪) জুবিন গর্গের মৃত্যুর মামলা সংক্রান্ত বিষয়ে আজ ফাস্টট্র্যাক আদালতে অভিযুক্ত শ্যামকানু মহন্তের জামিন আবেদনের শুনানী গ্রহণ ।

------------------------------------------------------------------------------------------

দেশে তেল এবং গ্যাসের অবাধ সরবরাহ সুনিশ্চিত করা হয়েছে বলে কেন্দ্রীয় সরকারের পক্ষ থেকে জানানো হয়েছে ।পশ্চিম এশিয়ার সংঘর্ষ সম্পর্কে আজ নতুনদিল্লীতে আয়োজিত এক আন্তঃমন্ত্রনালয়ের বৈঠকে অংশগ্রহণ করে পেট্রলিয়াম এবং প্রাকৃতিক গ্যাস মন্ত্রনালয়ের যুগ্ম সচিব সুজাতা শর্মা একথা জানান ।তিনি বলেন যে সরকার দেশে রান্নার গ্যাস , পি এন জি , পেট্রল এবং ডিজেলের স্বাভাবিক সরবরাহ সুনিশ্চিত করার জন্য কার্যকরী পদক্ষেপ গ্রহণ করেছে । তিনি বলেন যে ঘরুয়া রান্নার গ্যাসের সরবরাহ স্বাভাবিক রয়েছে এবং গতকাল ৪৫ লক্ষের ও বেশী ঘরুয়া রান্নার বুকিং সহ ৫১ লক্ষ রান্নার গ্যাসের সিলিন্ডার বিতরণ করা হয়েছে । গতকাল ৮ হাজার টনেরও বেশী বানিজ্যিক গ্যাসের সিলিন্ডার বিক্রী হয়েছে বলে শ্রীমতী শর্মা জানান ।

বাইট

বৈঠকে শিল্প এবং অন্তবর্তী বাণিজ্য বিভাগের যুগ্ম সচিব নিধি কেশরওয়ানী পশ্চিম এশিয়ার সংঘর্ষের মধ্যে সরকারের গ্রহণ করা ব্যবস্থা সমুহের ওপর আলোকপাত করেন ।তিনি বলেন যে পেট্রলিয়াম এবং বিস্ফোরক সুরক্ষা সংস্থার অধীনে
তাদের বিভাগ জ্বালানী এবং গ্যাসের সরবরাহ যাতে অব্যাহত থাকে তারজন্য বিভিন্ন ব্যবস্থা গ্রহণ করা হয়েছে । কমপ্রেসড এবং প্রাকৃতিক গ্যাস তথা জৈব গ্যাসের অধীনে বিতরণ কেন্দ্রের অনুজ্ঞাপত্র প্রদান প্রক্রিয়া ত্বরান্বিত করা হয়েছে বলেও তিনি জানান ।

-----------------------------------------------------------------------------------------

রাষ্ট্রপতি দ্রৌপদী মূর্মূ ,উপ-রাষ্ট্রপতি সি পি রাধাকৃষ্ণণ এবং প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী পেহেলগাম সন্ত্রাসবাদী আক্রমণের এক বছর অতিক্রান্ত হওয়ায় এই আক্রমণে নিহতদের প্রতি শ্রদ্ধা জ্ঞাপন করেছেন । সামাজিক মাধ্যমে এক বার্তায় শ্রীমতি মূর্মূ বলেন যে দেশে সবধরণের সন্ত্রাসবাদী কার্যকলাপ দৃঢ়ভাবে প্রতিহত করা হবে ।
সামাজিক মাধ্যমে এক বার্তায় উপ-রাষ্ট্রপতি বলেন যে সন্ত্রাসবাদীদের চালানো ভয়ঙ্কর ও কাপুরোষিত আক্রমণে নির্দোষ লোকের প্রাণ হারানোর ঘটনা দেশবাসী মনে রেখেছেন । তিনি বলেন  এই আক্রমণে নিহত লোকেদের কথা সর্বদা মনে রাখা হবে । প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী বলেন যে দেশ কোনোধরণের সন্ত্রসবাদী কার্যকলাপ সহ্য করবে না এবং সন্ত্রাসবাদীদের  ভবিষ্যত পরিকল্পনা কখনও সফল হবে না । বিগত বছরে আজকের দিনে সন্ত্রাসবাদী আক্রমণের কথা স্মরণ করে শ্রী মোদী এই আক্রমণে নিহত লোকেদের সর্বদা মনে রাখা হবে বলে উল্লেখ করেন । সামাজিক মাধ্যমে এক বার্তায় তিনি বলেন যে এই দুঃখের সময়ে দেশ সংকল্পের মাধ্যমে ঐক্যবদ্ধ হয়ে আছে ।
প্রতিরক্ষা মন্ত্রী রাজনাথ সিং ,স্বরাষ্ট্রমন্ত্রী অমিত শাহ,জম্মু-কাশ্মীরের উপ-রাজ্যপাল মনোজ সিনহা ও মূখ্যমন্ত্রী ওমর আব্দুল্লাও এই ঘটনায় নিহত লোকেদের প্রতি শ্রদ্ধা জ্ঞাপন করেছেন ।

-----------------------------------------------------------------------------------------

কংগ্রেস সভাপতি মল্লিকার্জুন খাড়গে প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদীর বিরুদ্ধে অপমানজনক মন্তব্য করার অভিযোগ তুলে বিজেপির প্রবীণ নেতা নির্মলা সীতারমণ ,কিরেন রিজিজু ,অর্জুন রাম মেঘাওয়াল ও অরুন সিং আজ নির্বাচন কমিশনের সাথে সাক্ষাৎ করেন । প্রতিনিধি দলটি কংগ্রেসের সভাপতির বিরুদ্ধে উপযুক্ত পদক্ষেপ গ্রহণ করতে নির্বাচন কমিশনকে আহ্বান জানানো সহ দেশবাসীর কাছে ক্ষমা চাওয়ার আহ্বান জানিয়েছে ।

-----------------------------------------------------------------------------------------

নির্বাচন কমিশন আগামী চৌঠা মে ভোট গণনার জন্য প্রস্তুতি প্রায় সম্পূর্ণ করে তুলেছে । এর অংশ হিসেবে কমিশন আগামী ২৫ শে এপ্রিল রাজ্যের সব জেলা আয়ুক্ত ,

নির্বাচন আধিকারীককে গুয়াহাটীতে ডেকে পাঠিয়েছে ।ঐদিন ভোটগণনার সঙ্গে জড়িত প্রায় ২০০ জন  আধিকারীককে বিশেষ প্রশিক্ষণ দেওয়া হবে । বিশেষ করে ভোটগণনা প্রক্রিয়া পরিচালনা করা , কাউন্টিং এজেন্ট , সংবাদ মাধ্যমের সঙ্গে যোগাযোগ রক্ষা করা ইত্যাদি বিষয়ে পুঙ্খানুপুঙ্খভাবে প্রশিক্ষণ দেওয়া হবে ।জেলা আয়ুক্তরা গুয়াহাটীতে প্রশিক্ষণ লাভ করে ৩০ শে এপ্রিল থেকে নিজ নিজ জেলার ভোটগণনার কাজে নিয়োজিত আধিকারীক কর্মচারীদেরকে প্রশিক্ষণ দেবেন ।এদিকে নির্বাচন কমিশন গুয়াহাটীর মণিরাম দেওয়ান ট্রেড সেন্টারের ষ্ট্রংরুমে জল প্রবেশ করার ভূয়ো সংবাদ প্রচার করা কয়েকটি পোর্টেলের বিরুদ্ধে সাইবার থানায় মামলা দায়ের করেছে ।

---------------------------------------------------------------------------------

শ্রীভূমি জেলার চারটি বিধানসভা আসনের ভোট গণনার জন্য জেলা নির্বাচনী আধিকারীক জানিয়েছেন যে আগামী ২৪ ও ২৭শে এপ্রিল মাইক্র অবজারভার এবং গণনা পর্য্যবেক্ষক ও সহকারী গননা পর্যবেক্ষকদের জন্য প্রশিক্ষনের ব্যবস্থা করা হয়েছে ।

এদিকে হাইলাকান্দির জেলা আয়ুক্ত অভিষেক জৈনের পৌরহিত্যে আগামী চৌঠা মে-র ভোট গননা নিয়ে আজ এক পর্য্যালোচনা সভা অনুষ্ঠিত হয়েছে । জেলা প্রশাসন থেকে জানানো হয়েছে যে নিরপেক্ষ ও শান্তিপূর্ন পরিবেশে ভোট গননা সম্পন্ন করতে সব ধরনের প্রস্তুতি গ্রহন করা হচ্ছে ।

---------------------------------------------------------------------------------

প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী আগামী ২৬শে এপ্রিল আকাশবানীর মন কি বাত অনুষ্ঠানের মাধ্যমে দেশ-বিদেশের জনসাধারনের সঙ্গে মনের ভাব ব্যাক্ত করবেন । এটি হবে মন কি বাত অনুষ্ঠানের ১৩৩ তম পর্ব । জনসাধারন ১৮০০-১১-৭৮০০ নম্বরে ফোন করে নিজেদের মতামত বা পরামর্শ পাঠাতে পারবেন । জনসাধারন নমো এ্যাপ বা মাই গভট ওপেন ফোরামের মাধ্যমেও আগামী ২৪শে এপ্রিলের মধ্যে পরামর্শ পাঠাতে পারবেন । এই অনুষ্ঠান আকাশবাণী ও দূরদর্শনের সবকটি নেটওয়ার্ক সহ আকাশবানীর ওয়েব সাইট এবং নিউজ অন এ আই আর মোবাইল এ্যাপের মাধ্যমেও শোনা যাবে । প্রধানমন্ত্রীর কার্যলয় , তথ্য ও সম্প্রচার মন্ত্রক , আকাশবাণী ও দূরদর্শনের ইউ টিউব চ্যানেলের  মাধ্যমেও এই অনুষ্ঠান প্রচার করা হবে । আকাশবাণী অনুষ্ঠানটি প্রচার হওয়ার ঠিক পরেই আঞ্চলিক ভাষায় অনুবাদ প্রচার করবে ।

---------------------------------------------------------------------------------

বিচারপতি শর্মিলা ভূইয়ার ফাষ্টট্রেক আদালতে আজ জুবিন গর্গ মৃত্যু মামলার অভিযুক্ত শ্যামকানু মহন্তের জামিন আবেদনের শুনানী গ্রহণ করা হয় । অভিযুক্তের পক্ষে প্রবীণ আইনজীবি প্রাণ বরা যুক্তি প্রদর্শন করেন অন্যদিকে সরকারে আইনজীবি জিয়াউল কামার জামিন আবেদনের তীব্র বিরোধিতা করেন ।অভিযুক্ত পক্ষের উত্থাপন করা যুক্তিগুলো খন্ডন করে সরকারী আইনজীবি শ্রী কামার শ্যামকানু মহন্তের জুবিন গর্গকে মদ সরবরাহ করার তথ্য আদালতে তুলে ধরেন । এই জামিন আবেদনের পরবর্তী শুনানী আগামীকাল ধার্য করা হয়েছে ।উল্লেখ্য এই মামলার অপর অভিযুক্ত সিদ্ধার্থ শর্মা শপথনামার সঙ্গে একটি জামিন আবেদন আদালতে দাখিল করেছিলেন ।তবে আজকের শুনানীতে আদালত এই শপথনামায় বেশ কিছু ত্রুটি প্রত্যক্ষ করে শপথনামা পুনরায় দাখিল করতে সিদ্ধার্থ শর্মার আইনজীবিকে নির্দেশ দেয় ।

---------------------------------------------------------------------------------

উত্তরাখন্ডের রুদ্রপ্রয়াগ জেলায় অবস্থিত কেদারনাথ ধামের দ্বার আজ সকালে বৈদিক মন্ত্রোচ্চারণ ও পরম্পরাগত রীতি নীতির মাধ্যমে ভক্ত, দর্শনার্থীর জন্য খুলে দেওয়া হয় । এই অনুষ্ঠানে বিদেশ তথা দেশের বিভিন্ন প্রান্ত থেকে আসা তীর্থযাত্রীদের দল উপস্থিত ছিলেন ।
প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী বলেন যে কেদারনাথ যাত্রা তথা চারধাম যাত্রা দেশের আধ্যাত্মিক উদযাপনে বিশ্বাস ,একতা ও সমৃদ্ধ পরম্পরাকে প্রতিফলিত করে । দেশবাসীকে লেখা এক পত্রে প্রধানমন্ত্রী শ্রী মোদী জনসাধারণকে তীর্থস্থানসমূহ তথা এর চারপাশে পরিষ্কার পরিচ্ছন্নতা বজায় রাখা সহ নদীসমূহ পরিষ্কার করে রাখা এবং একবার ব্যাবহারযোগ্য প্লাষ্টিকের ব্যাবহার বর্জন করা সহ ৫ টি সংকল্পের জন্য আহ্বান জানান ।

উল্লেখ্য চারধামের অন্যতম বদ্রীনাথ ধামের দ্বার আগামীকাল সকালে দর্শনার্থীদের জন্য খোলা হবে । ইতিমধ্যে গংগোত্রী ও যমুনোত্রী ধামের দ্বার গত রবিবার দর্শনার্থীদের জন্য খুলে দেওয়া হয় ।

---------------------------------------------------------------------------------

উত্তর-পূর্ব সীমান্ত রেলের জেনারেল ম্যানেজার চেতন কুমার শ্রীবাস্তব গতকাল লামডিং ডিভিশনের অধীন ভৈরবী-বদরপুর এবং বদরপুর-পাথরখোলা সেকশন পরিদর্শন করেন । পরিদর্শনের সময় তিনি চলমান সুরক্ষা অভিযান এবং পরিকাঠামোর গুনগত মান পর্য্যালোচনা করেন । এছাড়া শ্রী শ্রীবাস্তব রেল আধিকারীকদের তীক্ষন  পর্যবেক্ষন ও যথাসময়ে রক্ষনা বেক্ষনমূলক ব্যবস্থা গ্রহন করতে নির্দেশ দিয়েছেন ।

---

শ্রীভূমি জেলার বদরপুর রাজস্ব চক্রের অধীন বিভিন্ন গ্রামে গত দু তিন দিনের বিধ্বংসী ঘূর্ণিঝড় ও ভারী বৃষ্টিপাতের ফলে ব্যাপক ক্ষয়ক্ষতির খবর পাওয়া গেছে । আমাদের সংবাদদাতা জানিয়েছেন যে ভারতীয় জাতীয় কংগ্রেস দলের পক্ষে জাকারিয়া আহমেদের নেতৃত্বে এক প্রতিনিধি দল আজ ঘূর্নিঝড়ে ক্ষতিগ্রস্ত এলাকা ঘুরে বদরপুর চক্র আধিকারীকের কাছে উপযুক্ত ক্ষতিপূরনের দাবী জানিয়েছেন । ক্ষতিগ্রস্ত পরিবারগুলির দ্রুত পুর্নবাসনের দাবী জানিয়ে একটি স্মারক পত্র প্রদান করা হয়েছে ।

---

ভারতীয় জনতা পার্টির শ্রীভূমি জেলা কমিটির সভাপতি সঞ্জীব বণিক আজ দলীয় কার্য্যলয়ে আয়োজিত এক সাংবাদিক সম্মেলনে জানান যে মহিলা সংরক্ষন বিলটি পাসের ক্ষেত্রে বিরোধীদের সহযোগীতার অভাব খুবই নিন্দনীয় । সভাপতি শ্রীবণিক সংসদে মহিলাদের যথাযোগ্য স্থান নিশ্চিত করতে মহিলা সংরক্ষন বিল খুবই গুরুত্বপূর্ন বলে মন্তব্য করেন । সাংবাদিক সম্মেলনে জেলার মহিলা শাখার নেত্রীরাও উপস্থিত ছিলেন ।

---